



বাংলাদেশের এলডিসি উত্তরণে আরও ৩ বছর সময় চায় জাতিসংঘ



ছবি: সংগৃহীত

এলডিসি থেকে বাংলাদেশের উত্তরণের সময়সীমা আরও তিন বছর বাড়ানোর সুপারিশ করেছে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)। অনুমোদন মিললে দেশটি ২০২৯ সালের নভেম্বর পর্যন্ত বাড়তি প্রস্তুতির সুযোগ পাবে।

মঙ্গলবার অর্থ মন্ত্রণালয় জানায়, সরকারের আবেদনের পর সিডিপি এই ইতিবাচক সুপারিশ দিয়েছে। এর আগে বাংলাদেশ সময় বাড়ানোর অনুরোধ জানিয়েছিল।

সিডিপির মূল্যায়নে বলা হয়েছে, এলডিসি উত্তরণের নির্ধারিত সূচকগুলোতে বাংলাদেশ এখনো শক্ত অবস্থানে রয়েছে। তবে বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা ও আন্তর্জাতিক বাজার পরিস্থিতিতে ঝুঁকি হিসেবে দেখা হচ্ছে।

কমিটির মতে, বাড়তি সময় পেলে বাংলাদেশ অর্থনীতির কাঠামোগত দুর্বলতা কাটিয়ে আরও ভালো প্রস্তুতি নিতে পারবে। বিশেষ করে আর্থিক খাত, রাজস্ব আদায় ও উৎপাদন সক্ষমতা বাড়ানোর ওপর জোর দেওয়া হয়েছে।

জাতিসংঘের এই সুপারিশকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ সরকার। সরকারের আশা, চলমান সংস্কার কার্যক্রমের মাধ্যমে সফলভাবে এলডিসি উত্তরণ সম্ভব হবে।